

একুশে একাডেমি আয়োজিত হৃমায়ুন-সুনীল স্মরণ সভা

গত ১১ নভেম্বর সিডনি শোকার্ট ছিল। বাংলার সংস্কৃতি স্বজনেরা ভীর করেছিল তাদের সবচেয়ে আপনজনকে হারানোর বেদনায় একাত্ম হতে। দুই বাঙ্গার দুই কিংবদন্তি সাহিত্যিক, যাদের বেড়ে উঠার সাথে দুই কালের সম্মোহনী যাদুকরী স্বপ্নসাধনায় বেড়ে উঠেছে প্রজন্ম থেকে প্রজন্ম সেই মহাকালের কালপূরূষ কথা সাহিত্যিক হৃমায়ুন আহমেদ এবং সুনীল গঙ্গোপাধ্যায় আমাদের আলোক জ্যোৎস্নায় ভাসিয়ে এখন অনন্ত অস্ফরে। একুশে একাডেমির আয়োজিত দীর্ঘ প্রতিক্রিত এই স্মরণ সভায় উপস্থিত হয়েছেন সিডনির সাহিত্যপ্রেমী, লেখক, সাংবাদিক, কবি, প্রাবন্ধিক, রাজনীতিবিদরা। প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তন সাধারণ সম্পাদক নোমান শামীমের শুভেচ্ছা বক্তব্যের পর আলোচকরা একে অপরকে আপন করে নেন উচ্চল আলোচনায় মশগুল হয়ে। সবার কথায় গ্রাণবন্ত হয়ে উঠেন সুনীল-হৃমায়ুন, তাদের কীর্তি, তাদের অভিজ্ঞতা, তাদের অবদান, মহাকালের প্রতি তাকিয়ে তাদের সাহিত্য প্রতিভা বাঞ্ছালীকে পথ দেখাবে হাজার বছর। আলোচনা ও স্মৃতি চারণায় অংশ নেন কলামিস্ট ও উপন্যাসিক শাখায়াৎ নয়ন, কবি শাফিন রাশেদ, কলামিস্ট ড. কাইয়ুম পারভেজ, শরিফুল হক মলয়, শিক্ষাবিদ ড. আব্দুর রাজাক, যাদুশিল্পী এমএ জলিল, কলামিস্ট শাহরিয়ার পাভেল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ড. স্বপন পাল, একুশে একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি নেহাল নেয়ামুল বারী, কবি কবিতা পারভেজ, মুক্তিযোদ্ধা হারুন রশীদ আজাদ, শহিদুল ইসলাম শ্যামল, ড. শফিক। তাদের আলোচনায় উঠে আসে একাধারে গীতিকার, সুরকার, নাট্যকার, কথা সাহিত্যিক ও শিক্ষাবিদ বাংলা সাহিত্যের দিকপাল হৃমায়ুন আহমেদ। প্রথম আলো, পূর্ব-পশ্চিম, কোথাও কেউ নেই সহ অসংখ্য কালজয়ী উপন্যাস ও কবিতার রচয়িতা কথা সাহিত্যিক ও কবি সুনীল গঙ্গোপাধ্যায় তাঁর কালজয়ী কাজের মাধ্যমে পরিণত হয়েছেন বাংলা সাহিত্যের কিংবদন্তীতে। স্মরণ সভাটি উপস্থাপনা করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সংগঠনের সহ-সাধারণ সম্পাদক লরেন্স ব্যারেল। সংগঠনের সভাপতি অভিজিৎ বড়ুয়া সমাপনী আলোচনায় অংশ নেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে হৃমায়ুন-সুনীল পর্বে মেতে উঠেন সবাই। পিয়াসা বড়ুয়া, অমিয়া মতিন ও শাহীন শাহনেওয়াজের অনবদ্য পরিবেশনায় বিমুর্ত হয়ে উঠে সিডনির পড়স্ত বিকেল “বরুনা”র চোখে মাতাল জোৎস্না”য়। তবলায় সংগত করেন সাংস্কৃতিক সম্পাদক জন্মে জয় রায়।

এছাড়া স্মরণ সভায় আরো অংশ নেন কবি হেসেন মোফাজ্জল বাংলা বার্তা’র সম্পাদক আসলাম মোল্লা, সুপ্রভাত সিডনির বার্তা সম্পাদক খোকন, সিডনিবাসী বাংলা’র সম্পাদক আবদুল মতিন, একাডেমির প্রকাশনা সম্পাদক মেহেদি হাসান, পিওবিডি ডট কমের তানভির হাসান, ড. রোনালদ পাএ, ডাঃ আব্দুল ওয়াহাব, উপন্যাসিক আহমেদ সাবের, ছায়া বিশ্বাসসহ সিডনির অনেক সাংস্কৃতিক ব্যক্তিত্ব।